

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৯০

সোনামুড়া, ২৯ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
নলছড় ইউনিয়ন দু'দিন ব্যাপী শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান বিষয়ে সম্পত্তি নলছড় ইউনিয়নের লক্ষণগতেপাই গ্রাম পঞ্চায়েতের নাটমন্ডিরে দু'দিন ব্যাপী শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৩ জনকে বিভিন্ন সার্টিফিকেট দেওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এর মধ্যে ইনকাম সার্টিফিকেটের জন্য ২৪টি, ত্রিপুরায় স্থায়ী বসবাসের সার্টিফিকেটের জন্য ৩৪টি, এসসি সার্টিফিকেটের জন্য ১১টি, এসটি সার্টিফিকেটের জন্য ২টি, ওবিসি সার্টিফিকেটের জন্য ২ টি এবং বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেটের জন্য ১টি আবেদনপত্র গ্রহণ করা হয়। বন দপ্তর থেকে ১০০ জনকে দেওয়া হয়েছে আগর, চাঁপা এবং নিম ইত্যাদি গাছের চারা। কৃষি দপ্তর থেকে কিষাণ ক্রেডিট কার্ড প্রদান করার জন্য ৩ জন কৃষকের কাছ থেকে আবেদন পত্র জমা নেওয়া হয়। আই সি ডি এস কার্যালয়ের পক্ষ থেকে ৪ জন প্রসূতি মাকে টেক হোম রেশন প্রকল্পের আওতায় আনার জন্য নাম নথিভুক্ত করা হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ২২টি পরিবারকে গৃহপালিত পশুপাখির বিভিন্ন রোগ প্রতিরোধের ঔষধ প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৪৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয়া ঔষধ, ৫ জনকে বিনামূল্যে চশমা এবং ৬ জনকে আভা কার্ড দেওয়া হয়।
